"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
আইসিটি শাখা

...

সভাপতি	মুহাম্মদ রেজাউল কবীর যুগ্মসচিব
সভার তারিখ	০৪ জানুয়ারি ২০২৩
সভার সময়	সকাল ৯.৩০ টা
স্থান	যুগ্মসচিব (প্রশাসন) এর অফিসকক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট - ক

সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার শুরুতে প্রোগ্রামার, আইসিটি শাখাকে সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপন শুরু করার অনুরোধ জানান। প্রোগ্রামার, আইসিটি শাখা সভাপতির অনুমোদনক্রমে জানান, ইতোপূর্বে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা/একাডেমি/ফাউন্ডেশন হতে মন্ত্রণালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের উপর টিভিসি সংগ্রহ করা হয়েছিল। এছাড়াও তথ্য আপা প্রকল্প হতে পত্র মারফত লাল সবুজ ডট কম ই-কমার্স মার্কেটপ্লেস এর উপর একটি টিভিসি বিটিভিতে প্রচারিত সিসিমপুর অনুষ্ঠানে'র ফ্রী স্লটে সম্প্রচারের অনুরোধ জানানো হয়েছে। পরবর্তীতে সভায় আলোচ্যসূচী অনুযায়ী নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

০১। সভাপতি উপসচিব (উন্নয়ন-২) কে সিসিমপুর প্রচার সংক্রান্ত কার্যক্রম এর ব্যাপারে ধারণা প্রদান করার জন্য অনুরোধ জানান। উপসচিব (উন্নয়ন-২) সভাকে জানান যে, সিসিমপুর এর প্রচার সংক্রান্ত কার্যক্রম এর দাপ্তরিক কাজ উন্নয়ন-২ শাখা হতে হয়ে থাকে। এ ব্যাপারে বিটিভি, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং সিসিমি ওয়ার্কশপ বাংলাদেশএর মধ্যে MOU আছে বলে তিনি জানান। এছাড়াও এ অনুষ্ঠানটি প্রচারের জন্য ফী/অর্থ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে বাংলাদেশ টেলিভিশন (বিটিভি) কে প্রদান করা হয়ে থাকে বলে তিনি সভাকে অবহিত করেন।
তিনি আরো জানান, সিসিমপুর অনুষ্ঠান প্রচারের জন্য প্রতিদিন ৩০ মিনিট নির্ধারিত আছে এবং এর মধ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বিভিন্ন প্রচারিতব্য টিভিসি প্রচারের জন্য ১ মিনিট ৩০ সেকেন্ডস এর একটি ফ্রী স্লট রয়েছে। এই ফ্রী স্লট এ কি ধরণের ভিডিও প্রচার হবে তা এ কমিটি সুপারিশ করতে পারে।

০২। সভায় প্রোগ্রামার, আইসিটি শাখা জানান যে, তথ্য আপা প্রকল্প হতে লাল সবুজ ডট কমের উপর নির্মিত ১ মিনিট ২০ সেকেন্ডের একটি টিভিসি ইতোমধ্যে পত্র মারফত মন্ত্রণালয় হতে প্রচারের উদ্যোগ গ্রহণের জন্য জানানো হয়েছে যা এই কমিটির কার্যক্রম অনুযায়ী সংরক্ষণ করা আছে।

০৩। সভার এ পর্যায়ে সভাপতি জানান যে, ইতোপূর্বে FIFA World Cup 2022 এর সময় বিটিভিতে প্রচারের জন্য মন্ত্রণালয়ের উন্নয়নমূলক টিভিসির তালিকা চাওয়া হয়েছিল যার প্রেক্ষিতে সচিব মহোদয়ের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় মন্ত্রণালয় এর বিভিন্ন নির্মিত টিভিসি হতে ০৮ টি টিভিসি শর্টলিস্ট করা হয়েছিল যা নিম্নরূপ-

ক্রমিক নং	টিভিসি'র নাম	ব্যাপ্তিকাল	ক্যাটাগরি	সাল

১	বাল্য বিয়ে প্রতিরোধে সচেতনতা মূলক ভিডিও [এপিসি প্রকল্প]	০১:০০ মি	টিভিসি	২০১৮
২	বাল্য বিয়ে প্রতিরোধে সচেতনতা মূলক ভিডিও [এপিসি প্রকল্প]	০১:০০ মি	টিভিসি	২০১৮
৩	বাল্য বিয়ে প্রতিরোধে সচেতনতা মূলক ভিডিও [এপিসি প্রকল্প]	০১:০০ মি	টিভিসি	২০১৮
৪	বাল্য বিয়ে প্রতিরোধে সচেতনতা মূলক ভিডিও [এপিসি প্রকল্প]	০১:০০ মি	টিভিসি	২০১৮
৫	শিশুদের জন্য নিরাপদ ইন্টারনেট ব্যবহার সংক্রান্ত টিভিসি [এপিসি প্রকল্প]	০১:৩১ মি	টিভিসি	২০২১
৬	তথ্য আপা প্রকল্পের কার্যক্রমের উপর নির্মিত টিভিসি	০১:০০ মি	টিভিসি	২০১৯
৭	ই-কমার্স মার্কেটপ্লেস লাল সবুজ ডট কম এর উপর নির্মিত সেকেন্ডের টিভিসি	০১:২০ মি	টিভিসি	২০২২
৮	কিশোর কিশোরি ক্লাবের উপর নির্মিত টিভিসি	০১:০০ মি	টিভিসি	২০১৮

উক্ত তালিকায় তথ্য আপার লাল সবুজ ডট কম এর টিভিসি টিও অন্তর্ভুক্ত ছিল। উক্ত তালিকাটি তথ্য মন্ত্রণালয় এ প্রেরণ করা হলেও সম্প্রচারের সাথে আর্থিক সংশ্লেশ থাকায় তা পরবর্তীতে বিটিভিতে প্রচার করা হয় নি। কিন্তু সিসিমপুরের ফ্রী ১ মিনিট ৩০ সেকেন্ড এর স্লটে এখন উক্ত ভিডিও গুলো প্রচারের জন্য ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এর প্রেক্ষিতে প্রোগ্রামার (আইসিটি শাখা) জানান যে, ১ মিনিট ৩০ সেকেন্ড এর ভিডিও সংগ্রহের জন্য পুনরায় দপ্তর/সংস্থা/প্রকল্পে পত্র প্রেরণ করা যেতে পারে।

০৪। উপরিউক্ত আলোচনা প্রেক্ষিতে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.১। সিসিমপুর এর কার্যক্রম এর সাথে সংশ্লিষ্টতা থাকায় উপসচিব (উন্নয়ন-২) কে এই কমিটিতে কো-অপ্ট করা হয়। একই সাথে নারী ও শিশু নির্যাতন প্রতিরধ সংক্রান্ত বিভিন্ন টিভিসি, সচেতনতামূলক ভিডিও সংগ্রহ ও যাচাই, বাছাই এর জন্য উপসচিব (নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ অধিশাখা) কেও কো-অপ্ট করা হয়।

৪.২। সিসিমপুর প্রোগ্রামের নির্ধারিত ১ মিনিট ৩০ সেকেন্ডের ফ্রী স্লটে প্রচারের জন্য ১ মিনিট ৩০ সেকেন্ড এর মধ্যে নির্মিত টিভিসি, ভিডিও সমূহ প্রেরণ করা জন্য দপ্তর/সংস্থা সহ প্রকল্প সমূহকে (তথ্য আপা, কিশোর কিশোরী ক্লাব, ডে-কেয়ার সেন্টার ও অন্যান্য প্রকল্প) মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার ও এই কমিটির সদস্য-সচিব পত্র প্রেরণ করবেন।

৪.৩। সংগৃহীত ভিডিও সমূহ মন্ত্রণালয়ের আইসিটি শাখায় প্রোগ্রামার/সহকারী মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার সংরক্ষণ করবেন।

৪.৪। শর্টলিস্টেড ৮ টি টিভিসির তালিকা বিটিভিতে প্রচারের জন্য এ কমিটি হতে সুপারিশ করা হল। কমিটির সুপারিশকৃত এই তালিকা অনুযায়ী ভিডিও/টিভিসি সমূহ অনুমোদন করে মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা (সিনিয়র তথ্য অফিসার) যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে অনুমোদনপূর্বক সিসিমপুরের ফ্রী স্লটে প্রচারের জন্য বিটিভিতে প্রেরণ করবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মুহাম্মদ রেজাউল কবীর
যুগ্মসচিব

স্মারক নম্বর: ৩২.০০.০০০০.০৩৪.৯৯.০০১.২৩.৬

তারিখ: ২১ পৌষ ১৪২৯
০৫ জানুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
২) উপসচিব, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ অধিশাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩) উপসচিব, পলিসি, লিডারশীপ এন্ড এডভোকেসী ইউনিট (প্লাউ), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫) জনসংযোগ কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মোঃ ইনামুল হক
প্রোগ্রামার